

অধ্যাপক জাফর ইকবাল-এর উপর হামলার তীব্র নিন্দা ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি

বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ৩ মার্চ '১৮ এক বিবৃতিতে শাহাজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রফেসর ড. জাফর ইকবালের উপর হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে সকল হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

খালেকুজ্জামান বলেন, বিশিষ্ট লেখক অভিজিৎ রায়সহ অনেক মুক্তমণা লেখক, মানুষদের দুষ্কৃতিকারীরা হত্যা করার পরও হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়াই আজকে এই হত্যা ও হত্যা প্রচেষ্টা বেড়েই চলছে।

বিবৃতিতে তিনি আরও বলেন, এর আগেও কয়েকবার তাঁকে হত্যার হুমকি দেয়া হয়েছিল। তিনি অবিলম্বে এসকল ঘটনার সূষ্ঠ তদন্ত করে সকল হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। একই সাথে তিনি সকলের বাক-ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করার জন্যও সরকারের প্রতি দাবি জানান।

শিক্ষক ফোরামের নিন্দা

প্রগতিশীল শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক আবিদুর রেজা, অধ্যাপক আব্দুল জলিল, অধ্যাপক আবুল কাসেম ৩ মার্চ এক বিবৃতিতে শাবিথবির শিক্ষক প্র. ড. জাফর ইকবালের উপর হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

এছাড়া ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সভাপতি ইমরান হাবিব রমন ও সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স; বিজ্ঞান আন্দোলন মঞ্চের সমন্বয়কারী ও সাধারণ সম্পাদক জাফর ইকবালের উপর হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।